দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা
www.acc.org.bd

নম্বর- ০০.০১.০০০০.১০৩.০৪.০৫২.১০ (অংশ-৩)/৬২৪০৭

তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো কোনো অনুসন্ধানকারী কর্মকর্তা তথ্যপ্রমাণ উদঘাটন না করে বা তাতে সক্ষম না হলে অভিযুক্তের জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ পাওয়া গেছে উল্লেখপূর্বক সম্পদ বিবরণী দাখিলের নোটিশ জারির সুপারিশ করে প্রতিবেদন দাখিল করেন। অনেকসময় সম্পদ বিবরণী দাখিলের সুপারিশ করা হলেও প্রতিবেদনে জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের সুনির্দিষ্ট তথ্যপ্রমাণ কিংবা সম্পদের উৎস সম্পর্কে আলোকপাত করা হয় না। ফলশ্রুতিতে পরবর্তীতে দাখিলকৃত সম্পদবিবরণী যাচাই করে পর্যাপ্ত তথ্যপ্রমাণ পাওয়া না যাওয়ায় পরিসমাপ্তির সুপারিশ করা হয়। এরূপ ক্ষেত্রে সম্পদ বিবরণী দাখিলের প্রস্তাবকারী কর্মকর্তার জবাবদিহিতা থাকা প্রয়োজন মর্মে কমিশন মনে করে।

০২। ক্ষেত্রবিশেষে অবৈধ সম্পদের তথ্য পাওয়া গেলেও অভিযুক্ত ব্যক্তি কোন ধরণের দুর্নীতির মাধ্যমে তা অর্জন করেছেন প্রতিবেদনে সেটা উল্লেখ থাকে না। এছাড়া একাধিক ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ দাখিলের সময় প্রত্যেক ব্যক্তির সুনির্দিষ্ট অপরাধ ও দায় আইন মোতাবেক বর্ণনা করা হয় না। ফলে মামলা চলাকালে অপরাধ প্রমাণ দুষ্কর হয়ে পড়ে এবং অভিযুক্তদের খালাস পেয়ে যাবার আশঙ্কা দেখা দেয়।

০৩। উল্লেখ্য, এ বিষয়ে করণীয় সম্পর্কে নির্দেশনা প্রদানপূর্বক ইতোপূর্বে এ কার্যালয়ের ২৩ নভেম্বর ২০২০ তারিখের ০০.০১.০০০০.১০৩.০৪.০০১.২০.৫৫০ নম্বর স্মারকমূলে অফিস আদেশ জারি করা হলেও উক্ত আদেশ যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না মর্মে পরিলক্ষিত হচ্ছে।

০৪। এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশনের ০৮/২০২৫ নম্বর কমিশন সভার বিবিধ (গ) এর সিদ্ধান্ত অনুযায়ী নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

(ক) অভিযুক্ত ব্যক্তির প্রতি সম্পদ বিবরণী দাখিলের জন্য নোটিশ জারির পূর্বে সম্ভাব্য সকল সম্পদের সুনির্দিষ্ট তথ্যসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন দিতে হবে।

(খ) সম্পদ বিবরণী দাখিলের নোটিশ জারির পূর্বে যথাযথ যাচাই বাছাই না করে নোটিশ জারির প্রস্তাব দিলে এবং নোটিশ জারির পর যাচাই বাছাই শেষে সুনির্দিষ্ট ব্যাখ্যা ব্যতীত পরিসমাপ্তির প্রস্তাব দিলে অপরাধ প্রমাণে ব্যর্থতার দায় উক্ত কর্মকর্তার উপর বর্তাবে।

(গ) কোন ধরণের দুর্নীতির মাধ্যমে জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জিত হয়েছে, প্রতিবেদনে সে সম্পর্কে আলোকপাত করতে হবে।

(ঘ) সুনির্দিষ্ট অভিযোগ অথবা অভিযোগের সম্পৃক্ততা ছাড়া মূল অভিযুক্ত ব্যক্তির বাহিরে হয়রানিমূলক অন্য কোন ব্যক্তির সম্পদ যাচাই-বাছাই করা যাবে না। অভিযুক্ত ব্যক্তি ছাড়া অন্য কোন ব্যক্তির সম্পদ যাচাই-বাছাই এর ক্ষেত্রে এর যৌক্তিকতা প্রতিবেদনে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

(ঙ) একাধিক ব্যক্তির বিরুদ্ধে প্রতিবেদন দাখিলের সময় ঢালাওভাবে অপরাধে সংশ্লিষ্ট না বলে প্রত্যেকের ব্যক্তিগত অপরাধ, দায় ও ক্রিমিনাল লাইবিলিটি আইনানুগভাবে (সম্ভাব্য ক্ষেত্রে আইনের লঙ্ঘিত সংশ্লিষ্ট ধারাসহ) উল্লেখ করতে হবে।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫/০৬/২০২৫

খোরশেদা ইয়াসমীন
সচিব
ফোন: ০২-৯৩৬০১১০
ইমেইল: secretary@acc.org.bd

F:\Works\Office Order.docx

নম্বর- ০০.০১.০০০০.১০৩.০৪.০৫২.১০ (অংশ-৩)/৩২ ৪০৩(১০০) তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সকল) (সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের অনুরোধ)।

২) পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয় (সকল) (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ)।

৩) কমিশনার (অনুসন্ধান)-এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনার এঁর সদয় অবগতির জন্য)।

৪) সচিব এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (সচিব মহোদয় এঁর সদয় অবগতির জন্য)।

৫) চেয়ারম্যান এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (মাননীয় চেয়ারম্যান এঁর সদয় অবগতির জন্য)।

৬) কমিশনার (তদন্ত)-এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (মাননীয় কমিশনার এঁর সদয় অবগতির জন্য)।

৭) উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/জেলা কার্যালয় (সকল)।(সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ)।

৮) প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ)।

৯) অফিস কপি।

২৫/০৬/২০২৫ খ্রি.

দাউদ হোসেন চৌধুরী
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)

D:\Sufian (Admin)- 2025\Office order & Notice\Office Order.docx

F:\Works\Office Order.docx